'ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট'

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
লক্ষ্মীপুর।
**fpo.lakshmipur.gov.bd**

স্মারক নং-জেপপ/লক্ষ্মী/২০২১/২৮৩

তারিখ ঃ ০১ ভাদ্র ১৪২৮ / ১৬ আগস্ট ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন লক্ষ্মীপুর জেলার আওতাধীন নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূন্য পদ পূরণের নিমিত্ত পদের পাশে উল্লিখিত সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/ইউনিট/ওয়ার্ড এর স্থায়ী নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | যে সকল এলাকার স্থায়ী বাসিন্দার প্রার্থীগণ আবেদন করতে পারবেন | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিবার পরিকল্পনা পরিদর্শক গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- (শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন) | ০৩ (তিন)টি | | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ। |
| ২ | পরিবার কল্যাণ সহকারী গ্রেড-১৭, ৯০০০-২১৮০০/- (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন) | ২৫ (পঁচিশ)টি | | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ। |

ক্রম ১ — পরিবার পরিকল্পনা পরিদর্শক:

| উপজেলার নাম ও পদ সংখ্যা | শূন্য ইউনিয়নের নাম |
|---|---|
| লক্ষ্মীপুর সদর (LAKSHMIPUR SADAR)-১ (এক)টি | হাজিরপাড়া (HAJIRPARA) |
| রামগঞ্জ (RAMGONJ)-১ (এক)টি | ভাদুর (BHADUR) |
| রায়পুর (RAIPUR)-১ (এক)টি | রায়পুর ইউনিয়ন (বর্তমান চরপাতা এবং রায়পুর পৌরসভা (RAIPUR UNION PRESENT CHARPATA AND RAIPUR POURASOVA) |

ক্রম ২ — পরিবার কল্যাণ সহকারী:

| উপজেলার নাম ও পদ সংখ্যা | ইউনিয়নের নাম | শূন্য ইউনিটের নাম | যে যে গ্রাম/মহল্লা/এলাকা নিয়ে গঠিত |
|---|---|---|---|
| লক্ষ্মীপুর সদর (LAKSHMIPUR SADAR) -১১ (এগোরো)টি | দক্ষিণ হামছাদী (SOUTH HAMCHADI) ১ (এক)টি | ২/ক (2/KA) | গংগাপুর |
| | চররুহিতা (CHARRUHITA) ১ (এক)টি | ১/খ (1/KHA) | চরমন্ডল |
| | উত্তর জয়পুর (NORTH JAYPUR) ১ (এক)টি | ২/ক (2/KA) | দাউদপুর, পালপাড়া, উত্তর জয়পুর |
| | চন্দ্রগঞ্জ (CHANDRAGONJ) ১ (এক)টি | ২/খ (2/KHA) | লতিফপুর |
| | হাজিরপাড়া (HAJIRPARA) ২ (দুই)টি | ২/খ (2/KHA) | উত্তর চন্দ্রপুর, দক্ষিণ চন্দ্রপুর, হরিচক্র, বহরামপুর, আহসানপুর |
| | | ১/খ (1/KHA) | কালিদাসের বাগ, নবী তাহেরপুর, মীরপুর, যাত্রাপুর, দক্ষিণ জয়পুর, জগতপুর |
| | দিঘলী (DIGHALI) ২ (দুই)টি | ১/খ (1/KHA) | পশ্চিম জামিরতলী, পূর্ব জামিরতলী |
| | | ২/ক (2/KA) | দিঘলী, দুর্গাপুর, নিশ্চিন্তাপুর |
| | মান্দারী (MANDARI) ১ (এক)টি | ৩/ক (3/KA) | গন্ধ্যবপুর |
| | লাহারকান্দি (LAHARKANDI) ২ (দুই)টি | ১/ক (1/KA) | আঠিয়াতলী |
| | | ২/খ (2/KHA) | এনায়েতপুর, তালহাট্টি, কুমিদপুর |
| রামগঞ্জ (RAMGONJ) ৪ (চার)টি | কাঞ্চনপুর (KANCHANPUR) ১ (এক)টি | ৩/খ (3/KHA) | পূর্ব শেফালীপাড়া, পশ্চিম শেফালীপাড়া |
| | ভাদুর (BHADUR) ১ (এক)টি | ২/ক (2/KA) | কাজিরখিল, পৈতপুর |
| | দরবেশপুর (DARBESHPUR) ১ (এক)টি | ৩/ক (3/KA) | বক্তারপুর, আলীপুর |
| | করপাড়া (KARPARA) ১ (এক)টি | ১/ক (1/KA) | শ্যামপুর, ভাটিয়ালপুর |
| রায়পুর (RAIPUR) ৩ (তিন)টি | উত্তর চরবংশী (NORTH CHARBANGSHI) ২ (দুই)টি | ২/ক (2/KA) | চরবংশী আংশিক (সামাদ হাওলাদার বাড়ী থেকে আবুল কালাম মল্লিকের বাড়ী পর্যন্ত) চরঘাসিয়া, পুরাতন বেড়ীবাঁধ এলাকা), চর ইন্দুরিয়া |
| | | ২/গ (2/GA) | চরবংশী আংশিক (মতি ব্যাপারী বাড়ী থেকে মুক্তার গাজীর বাড়ী পর্যন্ত) |
| | চরমোহনা (CHAR MOHANA) ১ (এক)টি | ২/ক (2/KA) | উত্তর রায়পুর (মইন্যা কবিরাজের বাড়ী থেকে বজলুল হক মিস্ত্রির বাড়ী পর্যন্ত) |
| কমলনগর (KAMALNAGAR) ৩ (তিন)টি | চরলরেঞ্চ (CHAR LORENCH) ২ (দুই)টি | ১/ক (1/KA) | উত্তর চর মার্টিন |
| | | ২/ক (2/KA) | চর লরেঞ্চ |
| | হাজিরহাট (HAZIRHAT) ১ (এক)টি | ২/ক (2/KA) | চরজাংগালীয়া (৪ নং ওয়ার্ড ও ৬ নং ওয়ার্ড) |
| রামগতি (RAMGOTI) ৪ (চার)টি | চর আবদুল্লাহ (CHAR ABDULLAH) ১ (এক)টি | ২/ক (2/KA) | তেলিয়ার চর |
| | বড়খেরী (BARAKHERI) ১ (এক)টি | ১/ক (1/KA) | বড়খেরী ৪ নং ওয়ার্ড |
| | চরগাজী (CHARGAZI) ২ (দুই)টি | ১/ক (1/KA) | চর আফজল |
| | | ৩/ক (3/KA) | চরলক্ষ্মী |

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :**

(১) পরিবার পরিকল্পনা পরিদর্শক পদের আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(২) পরিবার কল্যাণ সহকারী পদের আবেদনকারীকে অবশ্যই শূন্য পদের বিপরীতে প্রদর্শিত সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিষ্ট ইউনিট/ওয়ার্ডের আওতাভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(৩) ২৫/০৩/২০২০ (পঁচিশ মার্চ দুই হাজার বিশ) তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৫) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৬) নিয়োগ বিজ্ঞপ্তির ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/-(একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] জমা দিতে হবে;

(৭) প্রার্থীর যোগ্যতা যাচাই : প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে জমা দিতে হবে :
(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;
(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র;
(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে);
(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকার ছায়ালিপি;
(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ছ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
(জ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(৯) মৌখিক পরীক্ষার সময় অনুচ্ছেদ-৮ এর নির্দেশনামতে জমাকৃত সকল সনদ/কাগজপত্রের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শনের পাশাপাশি ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলকৃত সনদ/কাগজপত্রের সাথে অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যের অসামঞ্জস্যতা পাওয়া গেলে প্রার্থীর প্রার্থিতা বাতিল হয়ে যাবে।

(১০) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(১১) কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যৌক্তিক/আইনগত কারণে নিয়োগ স্থগিত/বাতিল করতে পারবেন।

(১৩) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৪) লিখিত/ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৫) ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটি বোর্ডে পাওয়া যাবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dgfplak.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৪/০৮/২০২১, সকাল ১০:০০টা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৩/০৯/২০২১, বিকাল ০৫:০০টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel x প্রস্থ 300 Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300 Pixel X প্রস্থ 80 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে এক কপি এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download পূর্বক সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID দেওয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে। প্রার্থী যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদান প্রক্রিয়া :
প্রথম SMS: DGFPLAK <SPACE>User ID লিখে ১৬২২২ নম্বরে SEND করতে হবে।
উদাহরণ : DGFPLAK ABCDEF
Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee, your PIN is 123456789. To pay fee Type DGFPLAK <Space<YES<Space<PIN and send to 16222
দ্বিতীয় SMS: DGFPLAK <Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণ : DGFPLAK DGFP YES 123456789
Reply: Congratulations Aplicant's Name, Payment completed successfully for DGFPLAK Recruitment Application for XXXXXXX, User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).
বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgfplak.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
i) User ID জানা থাকলে: DGFPLAK <Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণ : DGFPLAK HELP USER ABCDEF
ii) PIN Number জানা থাকলে : DGFPLAK <Space>HELP<Space>PIN লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে।।
উদাহরণ : DGFPLAK HELP PIN 123456789

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd ইমেইলে যোগাযোগ করা যাবে।
ইমেইলের Subject এ DGFPLAK xxxxxxxxxxxx (পদের নাম), Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লখ করতে হবে।

শেষ সময়ের জন্য অপেক্ষা না করে দ্রুত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো

১৬/০৮/২০২১
(ডাঃ আশফাকুর রহমান)
উপপরিচালক (ভারপ্রাপ্ত) ও সদস্য সচিব
জেলা পরিবার পরিকল্পনা নিয়োগ/বাছাই কমিটি, লক্ষ্মীপুর।
ফোন: ০৩৮১-৬২৩৭২। ইমেইল : ddfplakshmipur@gmail.com

AE-199-419/21 (15"x8)